



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং-১১৪/২০১৮

তারিখ : ০১/০৪/১৪২৫ বঙ্গাব্দ
১৬/০৭/২০১৮ খ্রিস্টাব্দ

**‘সহকারী প্রোগ্রামার (সমন্বিত)’ পদে আবেদনকৃত প্রার্থীদের প্রবেশপত্র ডাউনলোড,
লিখিত পরীক্ষার কেন্দ্র ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এ ১০টি ও কর্মসংস্থান ব্যাংক এ ৫টিসহ সমন্বিতভাবে ‘সহকারী প্রোগ্রামার’ এর ১৫টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের মধ্য হতে যোগ্য বিবেচিত প্রার্থীদের সরাসরি ০২ ঘন্টা সময় ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা আগামী ২৭/০৭/২০১৮ তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

কেন্দ্রের নাম ও ঠিকানা
আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ১৪১-১৪২ লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮

লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) এ আপলোড করা হয়েছে। উল্লেখ্য, পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ২৬/০৭/২০১৮ তারিখ বিকাল ৬:০০ টার মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। নির্ধারিত সময়ের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ১(এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ/ অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস এবং প্রবেশপত্রের একাধিক কপি নিয়ে প্রবেশ না করার জন্য কঠোর নির্দেশনা দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-
(মোঃ মোশাররফ হোসেন খান)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি